# বার্ষিক সাধারণ সভা
## সাংগঠনিক প্রতিবেদন (২০২৩-২০২৪)

আজকের সাধারণ সভার সভাপতি ও ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সম্মানিত সভাপতি জনাব আনোয়ার-উল-আলম চৌধুরী (পারভেজ), অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ প্রাক্তন সভাপতি ও মহাসচিববৃন্দ এবং আজকের সাধারণ সভায় উপস্থিত জীবন সদস্যবৃন্দ, সকলকে জানাই ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন।

**শ্রদ্ধেয় অ্যালামনাইবৃন্দ**

১৯৪৮ সালের ২৪ সেপ্টেম্বর ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের যাত্রা শুরু হয়। বর্তমানে অ্যালামনাই পরিবারের সদস্য সংখ্যা ১৭,০৯৪। প্রতিষ্ঠার পর হতে যে সকল উদ্যোগী অ্যালামনাইদের প্রচেষ্টায় এবং নেতৃত্বে আমাদের সংগঠন আজকে একটি মর্যাদাপূর্ণ এবং কার্যকর প্রতিষ্ঠান হিসেবে গড়ে উঠেছে, তাঁদের প্রত্যেকের কাছে বর্তমান কার্যনির্বাহী কমিটি কৃতজ্ঞ। তাঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন- ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রথম সভাপতি বিচারপতি মুহাম্মদ ইব্রাহীম, প্রথম মহাসচিব জনাব মিজানুর রহমান, প্রাক্তন সভাপতি এ. কে. এম. হাফিজ উদ্দিন, জনাব আবুল মাল আব্দুল মুহিত, জনাব সৈয়দ মঞ্জুর এলাহী, জনাব রকীবউদ্দীন আহমেদ, জনাব এ. কে. আজাদ এবং প্রাক্তন মহাসচিব ড. মোহাম্মদ ফরাসউদ্দীন, দেওয়ান রাশিদুল হাসান ও রঞ্জন কর্মকার। তাঁদের গড়া ভিতের উপর দাঁড়িয়েই আমরা সামনে চলার চেষ্টা করছি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মর্যাদা ও গৌরবের পতাকা আরও মহিমান্বিত ও সমৃদ্ধ করেছেন আমাদের পূর্বসূরী ও সহযাত্রী ঢাকা বিশ্ববিদ্যালয়ের শ্রদ্ধেয় অ্যালামনাইগণ। তাঁদের দেওয়া গৌরব ও ঐতিহ্যের পতাকা বর্তমান প্রজন্ম আজও বহন করে চলেছি। সকল অ্যালামনাইদের অবদান কথা কৃতজ্ঞ চিত্তে স্মরণ করি।

**প্রিয় অগ্রজ, অনুজ এবং প্রতীম**

ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের বর্তমান নেতৃত্ব ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের সাথে সৌহার্দ্যমূলক সম্পর্ক বজায় রেখে সংগঠনের কার্যক্রম পরিচালনার মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ের প্রতি আমাদের দায় মোচনের চেষ্টা চেষ্টা করে যাচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন, কর্মকর্তা ও কর্মচারিদের আন্তরিক সহযোগিতায়; বিশেষ করে অ্যাসোসিয়েশনের প্রধান পৃষ্ঠপোষক ও মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. সীতেশ চন্দ্র বাছার, ট্রেজারার অধ্যাপক মমতাজ উদ্দিন-এর পরামর্শ এবং সহযোগিতা আমাদের উৎসাহিত, উজ্জীবিত ও অনুপ্রাণিত করেছে। তাঁদের প্রতি আমাদের কৃতজ্ঞতা জানাচ্ছি।

### শ্রদ্ধেয় অ্যালামনাইবৃন্দ

বর্তমান কমিটি দায়িত্ব গ্রহণের পর বেশ কয়েকটি কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন করতে সক্ষম হয়েছে। এই সকল কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ আপনাদের সামনে তুলে ধরছি–

### কার্যনির্বাহী কমিটির সভা

গত এক বছরে (এপ্রিল ২০২৩ থেকে) কার্যনির্বাহী কমিটির মোট ১২টি সভা অনুষ্ঠিত হয়। কার্যনির্বাহী কমিটির সভায় বিভিন্ন সাব কমিটি গঠন করে সাংগঠনিক কার্যক্রমে সাধারণ সদস্যদের অন্তর্ভুক্ত করে কার্যক্রমের পরিচালনা করার চেষ্টা অব্যাহত রয়েছে।

### নতুন জীবন সদস্য

বর্তমানে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের জীবন সদস্য সংখ্যা ১৭,০৯৪ জন। গত এক বছরে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সাথে নবীনরা এগিয়ে আসছে।

### বৃত্তি প্রদান

ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ১৪২জন শিক্ষার্থী এবং ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ৫৪০ জন শিক্ষার্থীকে সর্বমোট ১,২৩,৫২,৫০০/- (এক কোটি তেইশ লক্ষ বায়ান্ন হাজার পাঁচশত) টাকার বৃত্তি প্রদান করেছে।

## জাতীয় দিবস সমূখের উদযাপিত ও বাস্তবায়িত কর্মসূচী সমূহ :

### জাতীয় শোক দিবস

স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন-এর আয়োজনে এক আলোচনা সভা ২৯ আগস্ট ২০২২, মঙ্গলবার সন্ধ্যা ৬টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনস্থ অ্যালামনাই ফ্লোরে অনুষ্ঠিত হয়।




আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় সংসদ উপনেতা অগ্নিকন্যা বেগম মতিয়া চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই

অ্যাসোসিয়েশন-এর প্রধান পৃষ্ঠপোষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি জনাব আনোয়ার-উল-আলম চৌধুরী (পারভেজ)। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের যুগ্ম মহাসচিব সুভাষ চন্দ্র সিংহ রায়। স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের মহাসচিব মোল্লা মোহাম্মাদ আবু কাওছার।

অনুষ্ঠানের শুরুতেই ১৯৭৫ সালের ১৫আগস্ট স্বাধীনতা বিরোধী ও বিপথগামী কিছু সামরিক অফিসার এবং দেশী-বিদেশী ষড়যন্ত্রকারীদের হাতে নিহত সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিবসহ সকল শহীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে পুষ্পার্ঘ অর্পন এবং দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়।

## ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস

ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে একাত্ত হয়ে বিভিন্ন কর্মসূচির মধ্যদিয়ে ০১ জুলাই উদ্‌যাপন করা হয় ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস। কর্মসূচির শুরুতেই অ্যালামনাই ফ্লোর হতে শ্রদ্ধেয় অ্যালামনাইগণ র‍্যালি করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠের উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান করেন। উক্ত অনুষ্ঠানটি ছিল খুবই প্রাণবন্ত ও উপভোগ্য।




বিশ্ববিদ্যালয় দিবসে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কার্যালয়ে পতাকা উত্তোলন

## আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উপলক্ষে ২১ ফেব্রুয়ারি কেন্দ্রীয় শহিদ মিনারে নির্বাহী কমিটির নেতৃবৃন্দ একুশের প্রথম প্রহরে পুষ্পার্ঘ্য অর্পণের মধ্য দিয়ে শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে।



আমর একুশের প্রথম প্রহরে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দের শ্রদ্ধার্ঘ অর্পণ

অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পক্ষে শ্রদ্ধা নিবেদন করেন সভাপতি আনোয়ার-উল-আলম চৌধুরী (পারভেজ), সহ-সভাপতি আশরাফুল হক মুকুল, মহাসচিব মোল্লা মোহাম্মাদ আবু কাওছার, কোষাধ্যক্ষ মাহবুব হোসেন, যুগ্ম মহাসচিব সুভাষ চন্দ্র সিংহ রায় ও আফজালুর রহমান বাবু, সাংগঠনিক সম্পাদক শেখ সালাহউদ্দিন আহমেদ, আপ্যায়ন সম্পাদক নাসির উদ্দিন মাহমুদ নান্টু, প্রাক্তন সভাপতি জনাব এ. কে. আজাদ, প্রাক্তন মহাসচিব রঞ্জন কর্মকার, দেওয়ান রাশেদুল হাসান সহ কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ।

## শহীদ বুদ্ধিজীবী দিবস

প্রতি বছরের মত ২০২৩ সালের ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'স্মৃতি চিরন্তন'-এ শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে মোমবাতি প্রজ্জ্বলনের মাধ্যমে দিনটি স্মরণ করেছে।




**শহীদ বুদ্ধিজীবীদের স্মরণে আলোর মিছিল**

এসময় উপস্থিত ছিলেন– অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি জনাব আনোয়ার-উল-আলম চৌধুরী (পারভেজ), সহ-সভাপতি আশরাফুল হক মুকুল, মহাসচিব মোল্লা মোহাম্মাদ আবু কাওছার, সাংগঠনিক সম্পাদক শেখ সালাহউদ্দিন আহমেদ, শিক্ষা ও গবেষণা সম্পাদক অধ্যাপক ড. মো. আবদুর রহিম, দপ্তর সম্পাদক মো. শরীফুর রহমান, আপ্যায়ন সম্পাদক নাসির উদ্দিন মাহমুদ নান্টু-সহ কার্যনির্বাহী কমিটির সদস্য মাহফুজা রহমান চৌধুরী বাবলী, ইয়াসমিন সুলতানা খুকু খালেদ, মাহফুজ আল মামুন ও মাহমুদা সুলতানা হেলেনসহ অন্যান্য সদস্যবৃন্দ।

## ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন-এর ৭৫তম প্রতিষ্ঠা বার্ষিকী

ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকীতে অ্যালামনাই ফ্লোরে পতাকা উত্তোলন, কেক কাটা ও বেলুন উড়ানোর মাধ্যমে দিনটি উদযাপন করা হয়। ৭৫তম প্রতিষ্ঠা বার্ষিকীর ঘোষিত কর্মসূচিতে সকল জীবন সদস্যদের সম্পৃক্ত করে উদ্‌যাপন করার জন্য বছরব্যাপী কর্মসূচির পরিকল্পনা করা হয়েছে। ২০২৪ সালে 'অ্যালামনাই মিলনমেলা' আয়োজনের মাধ্যমে এ দিনটিকে স্মরণীয় করে রাখা হবে। ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্লাটিনাম জুবিলি (প্রতিষ্ঠার ৭৫বছর) উপলক্ষ্যে বছরব্যাপী কর্মসূচি প্রণয়ন করা হয় এবং ২৬ জানুয়ারি ২০২৪ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনস্থ অ্যালামনাই ফ্লোরে সংবাদ সম্মেলনের মাধ্যমে বছরব্যাপী কর্মসূচি ঘোষণা করা হয়েছিল।




সংবাদ সম্মেলন

## বাস্তবায়িত গুরুত্বপূর্ণ কর্মসূচিসমূহ

### বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের যাতায়াতের জন্য ২টি নতুন বাস হস্তান্তর অনুষ্ঠান

রাজধানীর বিভিন্ন এলাকা থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনাবাসিক শিক্ষার্থীদের ক্যাম্পাসে আসা-যাওয়ার সুবিধার্থে অশোক লেল্যাণ্ডের তৈরি নতুন দু'টি বাস ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের নিকট হস্তান্তর করে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন-এর সভাপতি জনাব আনোয়ার-উল-আলম চৌধুরী (পারভেজ) ও মহাসচিব মোল্লা মোহাম্মাদ আবু কাওছার।




৩০ জুলাই ২০২৩, রবিবার দুপুর ১২টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্মৃতি চিরন্তন-এর সামনে আনুষ্ঠানিকভাবে বাস হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন-এর প্রধান পৃষ্টপোষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নবনির্বাচিত উপাচার্য ও তৎকালীন প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল ও সংগঠনের সাবেক সভাপতি এ. কে. আজাদ, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. নিজাম উদ্দিন ভূইয়া এবং রেজিস্টার প্রবীর কুমার সরকার।




## সমাজ পরিবর্তনে শিক্ষার্থীদের উজ্জীবিত ও মাঠপর্যায়ে প্রেরণ ও সমাজসেবামূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ

সংগঠনের মহসচিব মোল্লা মোহাম্মাদ আবু কাওছার বলেন– অর্থের অভাবে কোনো শিক্ষার্থীর শিক্ষাজীবন যেন ব্যাহত না হয়, সে লক্ষ্যে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন বৃত্তি কর্মসূচির মাধ্যমে ১,১০০ শিক্ষার্থীকে প্রতিমাসে ২,৫০০ টাকা করে বৃত্তি প্রদান করে আসছে, টাকার অংক প্রতিমাসে ২৭,৫০,০০০/- (সাতাইশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা), বছরে ৩,৩০০০০০০/- (তিন কোটি ত্রিশ লক্ষ টাকা মাত্র)। এছাড়া সুনামগঞ্জে বন্যায় ক্ষতিগ্রস্থ ১০টি পরিবারকে ৬০,০০,০০০/- (ষাট লক্ষ টাকা) টাকায় নতুন ১০টি পাকাঘর নির্মাণ করে দেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উন্নয়নেও সব সময় পাশে থাকছে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন এবং ভবিষ্যতেও এই ধারা অব্যাহত থাকবে।

সংগঠনের সভাপতি জনাব আনোয়ার-উল-আলম চৌধুরী পারভেজ বলেন– বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের গৃহীত সকল কর্মসূচিতে অংশগ্রহণ করা আমাদের নৈতিক দায়িত্বের অংশ। আমরা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য সেবা নিয়ে কাজ করছি। এছাড়া শতবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস, ঐতিহ্য নিয়ে ১০০ চিত্রশিল্পীর চিত্রকর্ম নিয়ে অ্যালামনাই ফ্লোরে স্থায়ী আর্ট গ্যালারি নির্মাণ করা হয়েছে। যা সকলের জন্য উন্মুক্ত রয়েছে। ভবিষ্যতেও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান ও অবকাঠামোগত উন্নয়নের ক্ষেত্রে প্রশাসনের সাথে ঐক্যবদ্ধভাবে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করছি।

## বিশ্ব আত্মহত্যা প্রতিরোধ দিবস-২০২৩ উপলক্ষ্যে সেমিনার

‘বিশ্ব আত্নহত্যা প্রতিরোধ দিবস’ উপলক্ষ্যে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতর-এর যৌথ উদ্যোগে ১৪ সেপ্টেম্বর ২০২৩, বৃহস্পতিবার দুপুর ৩টা থেকে ৫টা পর্যন্ত নবাব নওয়াব আলী  চৌধুরী সিনেট ভবন-এর স্পেশাল সেমিনার কক্ষে একটি সেমিনারের আয়োজন করা হয়।



উক্ত সেমিনারের প্রতিপ্রাদ্য বিষয় হল 'কর্মের মাধ্যমে আশা তৈরি করি: আত্মহনন থেকে দূরে থাকি'। মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট-এর চাইল্ড, অ্যাডলসেন্ট অ্যান্ড ফ্যামিলি সাইকিয়াট্রি বিভাগের সহযোগী অধ্যাপক ড. হেলাল উদ্দিন আহমেদ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সেমিনারে সভাপতিত্ব করেন ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন-এর সভাপতি আনোয়ার-উল-আলম চৌধুরী (পারভেজ)।

## সমাজ পরিবর্তনে শিক্ষার্থী

২০১৮ সালে প্রথমবার বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের দেশব্যাপী সামাজিক কর্মকাণ্ডে যুক্ত করা হয়। এরপর ২০১৯ সালে দ্বিতীয়বার এবং ২০২৩ সালের ১০ অক্টোবর তৃতীয়বারের মতো ডুয়া বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের নিয়ে 'সমাজ পরিবর্তনে শিক্ষার্থী' কর্মসূচির বাস্তবায়ন করা হয়। ১১ থেকে ৩০ অক্টোবর পর্যন্ত এ সব শিক্ষার্থী নিজ নিজ এলাকায় সন্ত্রাস, জঙ্গিবাদ, মাদক ও বাল্যবিবাহের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ সৃষ্টির জন্য সচেতনতামূলক কর্মসূচিতে অংশগ্রহন করে। কর্মসূচিতে অংশগ্রহণ শেষে শিক্ষার্থীরা নিজ নিজ অভিজ্ঞতা এবং সংশ্লিষ্ট বিষয়ে সুপারিশ প্রদান করে।



## শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যসেবা প্রদানে সচেতনতামূলক কর্মসূচি

শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যসেবা প্রদান এবং মানসিক সুস্থতা নিশ্চিত করার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দপ্তর এবং ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের যৌথ আয়োজনে তিনটি হল ও বিজনেস স্টাডিজ ডিপার্টমেন্টে, সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়।



মানসিক স্বাস্থ্যসেবা সচেতনমুলক অনুষ্ঠান

উক্ত আয়োজনসমূহে সভাপতিত্ব করেন ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি জনাব আনোয়ার-উল-আলম চৌধুরী (পারভেজ)। এসময় উপস্থিত ছিলেন সংগঠনের মহাসচিব মোল্লা মোহাম্মাদ আবু কাওছার সহ কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ।

শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য ও কল্যাণের ধারণা উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র উপদেষ্টা ও নির্দেশনা দফতরের পরিচালক অধ্যাপক ড. মেহজাবীন হক। কর্মশালাটিতে বিশেষজ্ঞ হিসেবে মানসিক স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন বিষয়ে আলোচনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সৈয়দ তানভীর রহমান, সহযোগী অধ্যাপক, মনোবিজ্ঞান বিভাগ; মো. সেলিম হোসেন, সহকারী অধ্যাপক, মনোবিজ্ঞান বিভাগ; ড. শাহনুর হোসেন, সহযোগী অধ্যাপক, চিকিৎসা মনোবিজ্ঞান বিভাগ; ড. আজহারুল ইসলাম, সহযোগী অধ্যাপক, এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং রাখি গাঙ্গুলী, সিনিয়র সাইকোলজিস্ট, ঢাকা আহসানিয়া মিশন ও জীবন সদস্য, ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন। কর্মসূচি বাস্তবায়নে সমন্বয়কের দায়িত্ব পালন করেন কার্যনির্বাহী কমিটির শিক্ষা ও গবেষণা সম্পাদক অধ্যাপক ড. আব্দুর রহিম।

### ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'বিশেষ সমাবর্তন-২০২৩' উপলক্ষে অনুদান প্রদান

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ডক্টর অব ল'জ উপাধিতে ভূষিত করার উদ্যোগ নেয় ঢাকা বিশ্ববিদ্যালয়। এজন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন বিশেষ সমাবর্তন ২০২৩ আয়োজন করে। সমাবর্তনে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদস্যরা অংশগ্রহণের সুযোগ পায়। সমাবর্তনে কোনো ফি ধার্য করা হয়নি। তাই সমাবর্তনে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদস্যদের অংশগ্রহণের সুযোগ প্রদান করায় কৃতজ্ঞতা স্বরূপ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য মহোদয়ের নিকট আনুষ্ঠানিকভাবে বিশেষ সমাবর্তন-২০২৩ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়কে ২৩,০০,০০০ (তেইশ লক্ষ) টাকা অনুদান প্রদান করা হয়। অনুদানের চেক হস্তান্তর করেন ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি জনাব আনোয়ার-উল-আলম চৌধুরী (পারভেজ) এবং মহাসচিব মোল্লা মোহাম্মাদ আবু কাওছার।



এসময় উপস্থিত ছিলেন– সহ-সভাপতি আশরাফুল হক মুকুল, সাংগঠনিক সম্পাদক শেখ সালাহউদ্দিন আহমেদ, আপ্যায়ন সম্পাদক নাসির উদ্দিন মাহমুদ নান্টু এবং কার্যনির্বাহী কমিটির সদস্য সালেহা খাতুন সিপ্পা এবং বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার প্রবীর কুমার সরকার সহ অন্যান্য সদস্যবৃন্দ।

### ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার জন্য 'দি ঢাকা ইউনিভার্সিটি ফান্ড'-এ অনুদান প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে নতুন একটি ফান্ড গঠনের সিদ্ধান্ত গ্রহণ করে এবং মাননীয় সাবেক উপাচার্য অধ্যাপক ড. আখতারুজ্জামান মহোদয় ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতিকে উক্ত ফান্ডে অনুদানের অনুরোধ করেন। উপাচার্য মহোদয়ের অনুরোধের প্রেক্ষিতে সভাপতি মহোদয় কার্যনির্বাহী কমিটির সভায় বিষয়টি নিয়ে আলোচনা করে সর্বসম্মতিক্রমে উক্ত ফান্ডে অনুদানের সিদ্ধান্ত গ্রহণ করে। সভাপতি মহোদয় ঢাকা বিশ্ববিদ্যালয়কে শিক্ষা ও গবেষণার জন্য 'দি ঢাকা ইউনি-ভার্সিটি ফান্ড -এ ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা অনুদান প্রদান করেন। অনুদানের চেক হস্তান্তর করেন ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি জনাব আনোয়ার-উল-আলম চৌধুরী (পারভেজ)। এসময় উপস্থিত ছিলেন– মহাসচিব মোল্লা মোহাম্মাদ আবু কাওছার, কোষাধ্যক্ষ মাহবুব হোসেন, সাংগঠনিক সম্পাদক শেখ সালাহউদ্দিন আহমেদ এবং আপ্যায়ন সম্পাদক নাসির উদ্দিন মাহমুদ নান্টু-সহ কার্যনির্বাহী কমিটির অন্যান্য সদস্যবৃন্দ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মোহাম্মাদ আব্দুস ছামাদ।




### যাত্রিক প্রকাশনা

ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নিয়মিত প্রকাশনা 'যাত্রিক'-এর একটি বিশেষ সংখ্যা 'বঙ্গবন্ধু ১৫ আগস্ট ১৯৭৫ ঢাকা বিশ্ববিদ্যালয়' শিরোনামে প্রকাশ করা হয়েছে। অত্যন্ত তথ্যবহুল এ প্রকাশনাটি ১৯৭৫ সালের ১৫ আগস্টে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ রহমানের ঢাকা বিশ্ববিদ্যালয়ে আগমন ও পরিকল্পনা নিয়ে মুদ্রিত হয়েছে।

যাত্রিক প্রকাশনার দায়িত্বে ছিলেন একুশে পদকপ্রাপ্ত সাংবাদিক মুক্তিযোদ্ধা অজয় দাশ গুপ্ত এবং প্রকাশনা সাব-কমিটি। প্রকাশনা সাব কমিটির আহ্বায়ক জহুরা বেগম এবং সদস্য সচিব অনুপম রায়, প্রকশনা সাব-কমিটির শ্রম, সহযোগিতা ও উদ্যোগের ফলে যাত্রিকের বিশেষ সংখ্যাটি প্রকাশ করা সম্ভব হয়েছে। সেজন্য তাদের জানাই আন্তরিক ধন্যবাদ।




প্লাটিনাম জুবেলির সংবর্ধনা অনুষ্ঠানে যাত্রিক- এর মোড়ক উম্মোচন

**ওয়েলনেস ফেস্টিভ্যাল-২০২৪**

ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন ও ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতর যৌথভাবে গত ১০ জানুয়ারি ২০২৪ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র শিক্ষক কেন্দ্র মিলনায়তনে (টিএসসি) আয়োজন করে 'ওয়েলনেস ফেস্টিভ্যাল-২০২৪'। অনুষ্ঠানটি উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী জনাব মহিবুল চৌধুরী নওফেল, এমপি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অ্যাসোসিয়েশন সভাপতি জনাব আনোয়ার-উল-আলম চৌধুরী (পারভেজ)। স্বাগত বক্তব্য রাখেন অ্যাসোসিয়েশনের মহাসচিব মোল্লা মোহাম্মাদ আবু কাওছার।




**প্লাটিনাম জুবিলি (প্রতিষ্ঠার ৭৫বছর) উপলক্ষে সংবর্ধনা প্রদান অনুষ্ঠান**

ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্লাটিনাম জুবিলি (প্রতিষ্ঠার ৭৫বছর) উপলক্ষে ইতোমধ্যে বছরব্যাপী কর্মসূচি প্রণয়ন করা হয়েছে। বছরব্যাপী কর্মসূচির অংশ হিসেবে ২৭ জানুয়ারি ২০২৪ শনিবার বিকেল ৩টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রের মিলনায়তনে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রাক্তন ও বর্তমান কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের হল ও বিভাগীয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের বর্তমান নেতৃবৃন্দের অংশগ্রহণে প্লাটিনাম জুবিলী'র উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।



অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির সদস্য ও প্রাক্তন সভাপতি জনাব এ. কে. আজাদ এম.পি, সাংস্কৃতিক সম্পাদক জনাব ফেরদৌস আহমেদ এম.পি, নির্বাহী কমিটির সদস্য জনাব মো. নাসের শাহরিয়ার জাহেদী এম.পি এবং একাদশ জাতীয় সংসদ উপ-নির্বাচনে বিজয়ী কার্যনির্বাহী কমিটির সদস্য সাবেক এমপি জনাব মো. আফজাল হোসেন ও মহিলা সংরক্ষিত আসনের সংসদ সদস্য অ্যারোমা দত্ত- কে সংবর্ধনা প্রদান করা হয়। এছাড়াও ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সুদীর্ঘ পথচলায় গুরুত্বপূর্ণ অবদানের জন্য জনাব সৈয়দ মঞ্জুর এলাহী ও জনাব রকীবউদ্দীন আহমেদ- কে সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের মহাসচিব মোল্লা মোহাম্মাদ আবু কাওছার এবং সভাপতিত্ব করেন ডুয়ার সভাপতি আনোয়ার-উল-আলম চৌধুরী (পারভেজ)। অনুষ্ঠান সঞ্চালনা করেন যুগ্ম মহাসচিব সুভাষ চন্দ্র সিংহ রায়।

মহাসচিব বলেন- ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের গৌরবের অগ্রযাত্রার ৭৫বছর। এই দীর্ঘ পথ অতিক্রম করে সংগঠন একটি মর্যাদাপূর্ণ স্থানে অবতীর্ণ হয়েছে। সংগঠন এখন সকল শ্রেণীর নিকট গ্রহণযোগ্য, সুপরিচিত হয়েছে, কর্মকাণ্ড ও স্ব-আলোয় আলোকিত ও উদীপ্ত ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন।

সভাপতি বলেন– এবছরটি এ সংগঠনের সাথে সংশ্লিষ্ট প্রতিটি ব্যক্তি, প্রতিষ্ঠানের জন্য খুবই গুরুত্বপূর্ণ। শুধু আনন্দ-আয়োজন, সাংস্কৃতিক অনুষ্ঠান নয় বরং বর্তমান শিক্ষার্থী, সমাজ, বিশ্ববিদ্যালয়, দেশ ও মানুষের জন্য তাৎপর্যপূর্ণ কিছু করার প্রত্যয় নিয়ে আমরা কমসূচি সাজাতে ও বাস্তবায়ন করতে চাই। যাঁদেরকে আজ সংবর্ধনা প্রদান করা হলো, তাঁরা বর্তমান শিক্ষার্থীদের নিকট আদর্শ হয়ে থাকবে। তিনি উপস্থিত সকলের নিকট গৃহীত কর্মসূচি বাস্তবায়নে সহযোগিতা, সুচিন্তিত মতামত ও পরামর্শ কামনা সেই সাথে সক্রিয় অংশগ্রহণ প্রত্যাশা করেন।




**প্লাটিনাম জুবিলী উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয় খেলার মাঠে অনুষ্ঠিত হবে প্লটিনাম জুবিলি মিলনমেলা**
আগামী নভেম্বর/ডিসেম্বর মাসে অ্যালামনাই মিলনমেলা অনুষ্ঠানের মাধ্যমে বছরব্যাপী কর্মসূচির সমাপ্তি ঘোষণা করা হবে। উল্লেখ্য এবারের প্লাটিনাম জুবিলি উৎসব আনন্দে উদযাপিত হবে সেই দিনটি। সকল সদস্যদের অংগ্রহণ উৎসব মুখর হবে সেই অনুষ্ঠান- এমনটাই আমরা প্রত্যাশা করছি। অ্যালামনাই মিলনমেলা অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা উপস্থিত থাকবেন এমনটাই আমরা প্রত্যাশা করছি।

**প্রিয় অ্যালামনাইবৃন্দ**
বর্তমান কমিটি দায়িত্ব নেওয়ার পর বিভিন্ন চ্যালেঞ্জ ও সমস্যা থাকা সত্ত্বেও বেশ কয়েকটি কর্মসূচি পালন করতে সক্ষম হয়েছে। আপনারা সকলেই অবগত রয়েছে ২০২৩ সাল ছিল অর্থনৈতিক ও রাজনৈতিকভাবে খুবই চ্যালেঞ্জিং। তাই ইচ্ছা থাকা সত্বেও সদস্যদের যুক্ত করে তেমন কোনো কর্মসূচির আয়োজন করা সম্ভব হয়নি। তাই ২০২৪ সালে আমরা বেশকিছু কর্মসূচি হাতে নিয়েছি। বিশেষ করে আমাদের প্রিয় সংগঠনটির ৭৫বছর আয়োজনে আপনাদের সহযোগিতা, সুচিন্তিত মতামত ও পরামর্শ কামনা করি।

আমি এবং কার্যনির্বাহী কমিটির সভাপতি জনাব আনোয়ার-উল-আলম চৌধুরী (পারভেজ)- কার্যনির্বাহী কমিটির সকল সদস্যের নিকট কৃতজ্ঞ। তাঁদের নেতৃত্ব এবং সক্রিয় উদ্যোগের ফলে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন-এর মর্যাদা আরও বৃদ্ধি পাচ্ছে। ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের মর্যাদা, সুনাম আরও বৃদ্ধির লক্ষ্যে নতুন নতুন উদ্যোগ গ্রহণ এবং চলমান কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি সার্বিক কর্মকাণ্ড আরও বিস্তৃত করার কাজ অব্যাহত থাকবে।

অবশেষে আপনাদের ও পরিবারের সকল সদস্যদের দীর্ঘায়ু ও সুস্থ এবং সুন্দর জীবন কামনা করছি। সকলকে ধন্যবাদ।

ঢাকা বিশ্ববিদ্যালয় চিরজীবী হোক।
ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন চিরজীবী হোক।
জয় বাংলা জয় বঙ্গবন্ধু

**মোল্লা মোহাম্মাদ আবু কাওছার**
মহাসচিব